

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সিবিএমই শাখা
www.mohfw.gov.bd


নং-স্বাপকম/সিবিএমই/পিএলএমসি/২০১৮-০১

তারিখঃ ১৯ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
০২.০১.২০১৯ খ্রিঃ

বিষয়ঃ মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত Condemnation Guideline ব্যবহারের বিষয়ে মতামত প্রদান

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিভিন্ন স্বাস্থ্য স্থাপনায় একেজো ও ব্যবহার অনুপযোগী যন্ত্রপাতি এবং আসবাবপত্র স্টোর রুমের বাইরে, হাসপাতালের বারান্দায় ও হাসপাতাল কম্পাউন্ডের খোলা জায়গায় পড়ে থাকে। ফলে একদিকে যেমন হাসপাতালের জায়গা নষ্ট হচ্ছে তেমনি হাসপাতালের সৌন্দর্য্য ও পরিবেশ বিনষ্ট করছে এবং সরকারের আর্থিক ক্ষতি সাধিত হচ্ছে। যার পরিপ্রেক্ষিতে বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্য স্থাপনার সৌন্দর্য্য ও পরিবেশ রক্ষার্থে এবং সরকারের আর্থিক ক্ষতি রোধকল্পে মন্ত্রণালয় কর্তৃক হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানে ব্যবহারের জন্য Condemnation Guideline প্রণয়ন করে তা ব্যবহারের জন্য সকল হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানে কেন্দ্রীয় ঔষধাগারের (সিএমএসডি) মাধ্যমে প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, প্রেরণকৃত Condemnation Guideline টি তীর এবং তীর প্রতিষ্ঠানের অধিনস্থ সকল হাসপাতাল/প্রতিষ্ঠানে ব্যবহৃত হচ্ছে কিনা, ব্যবহারের ক্ষেত্র কোন সমস্যা হচ্ছে কিনা এবং কোন বিষয়ে সংশোধন বা সংযোজনের প্রয়োজন আছে কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ রফিকুল ইসলাম)
সহকারি সচিব
cbme@shd.gov.bd

বিতরণঃ

- ১। সিভিল সার্জন (সকল).....
- ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (সকল).....

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ই-মেলের মাধ্যমে সকল সিভিল সার্জন ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা-কে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। যুগ্মসচিব (সিবিএমই) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়